গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-ডিজিএনএম/শা-১/১ই-১৩৩/২০১৩/ তাং----------------- /১৪২৪। /২০১৮।

প্রতিঃ জনাব ইসরাইল আলী,
সিনিয়র স্টাফ নার্স,
পিতাঃ মজর আলী
সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।

বিষয়: আনীত অভিযোগ প্রসংগে।

যেহেতু আপনি জনাব ইসরাইল আলী(পিতাঃ মজর আলী), সিনিয়র স্টাফ নার্স, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে ০৮/০৭/২০১৭ইং তারিখের ৪১৭৮ নং স্মারকে আপনাকে কৈফিয়ত তলব করা হয়। উহাতে আপনি ১৬/০৮/২০১৭খ্রিঃ তারিখ আপনার কর্তৃপক্ষের মাধ্যমে জাবাব দাখিল করেন। যা আপনার কর্তৃপক্ষ ১৭/০৮/২০১৭খ্রিঃ তারিখের ওমেকহাসি/ই-১/২০১৭/৩৫৫৪ নং স্মারকে অত্র অধিদপ্তরে প্রেরণ করেন।

যেহেতু, আপনি জনাব ইসরাইল আলী(পিতাঃ মজর আলী), সিনিয়র স্টাফ নার্স, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট এর বিরুদ্ধে আনীত অভিযোগ অপ্রমানিত হয়, সেহেতু আপনাকে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-ডিজিএনএম/শা-১/১ই-১৩৩/২০১৩/ ১১/৯৭) তাং ০৪/১০ /১৪২৪। ২৭/০১ /২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ
১। অতিরিক্ত সচিব(নার্সিং ও মিডওয়াইফারি),স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
৩। সেবা তত্ত্বাবধায়ক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৫। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

২৭.০২.১৮
মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)/(অর্থ ও বাজেট)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-ডিজিএনএম/শা-১/১জ-০৬/২০১৬/

/১৪২৪।
তাং-----------------
/২০১৮।

প্রাপক ঃ

১। বর্তমান ঠিকানা
জনাব জনি কান্তি দে
পিতাঃ অরুন কান্তি দে,
সিনিয়র স্টাফ নার্স,
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাগাজী, ফেনী।

২। স্থায়ী ঠিকানা
জনাব জনি কান্তি দে
পিতাঃ অরুন কান্তি দে,
সিনিয়র স্টাফ নার্স,
সাকিনঃ৪৫০, আলী নেওয়াজ লেইন, ডিসি রোড, দেওয়ান বাজার, পশ্চিম বাকলিয়া, পোঃ বাকলিয়া, থানাঃ চকবাজার,জেলাঃ চট্রগ্রাম।

বিষয় ঃ জনাব জনি কান্তি দে (পিতাঃ অরুন কান্তি দে), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাগাজী, ফেনী এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ অনুসারে আনীত অভিযোগনামা।

## অভিযোগনামা

যেহেতু আপনি জনাব জনি কান্তি দে (পিতাঃ অরুন কান্তি দে), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাগাজী, ফেনী এর বিরুদ্ধে উক্ত প্রতিষ্ঠানের ০৩/০৮/২০১৭খ্রিঃ তারিখের সিএসএফ/প্রশা-৩/১৭/১৯৬৭ নং স্মারকে অভিযোগ প্রেরণ করেন যে, আপনি গত ২৬/০৫/২০১৭খ্রিঃ তারিখ হতে ২৭/০৫/২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। পরবর্তীতে ২৭/০৫/২০১৭খ্রিঃ তারিখ হতে ৬(ছয়) সপ্তাহের বিশ্রামের আবেদন করেন। নির্ধারিত সময় পর কর্মস্থলে যোগদান না করে পুনরায় ৪৫ দিন বিশ্রামের আবেদন করেন। আপনার এহেন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ আপনাকে অত্র অধিদপ্তরের ১০/০৯/২০১৭খ্রি তারিখের ৫১৯৯ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয়। আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাব অদ্যাবধি প্রেরণ করেন নাই বা কর্মস্থলে যোগদান করেন নাই। আপনার স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি অত্র অধিদপ্তরে ফেরৎ আসে। আপনার এহেন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালের ৩(সি) ধারা মোতাবেক ডিজারশনের আওতাভুক্ত অপরাধ।

সেহেতু, আপনাকে (জনাব জনি কান্তি দে (পিতাঃ অরুন কান্তি দে), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাগাজী, ফেনী) ডিজারশনের দায়ে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ সালের ৩(সি) ধারা মোতাবেক অভিযুক্ত করা হলো এবং কেন একই বিধি মালার ৪(৩)(ডি) ধারা মোতাবেক আপনাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা উক্ত অধ্যাদেশের আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এ অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কার্যদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

আপনাকে আরো জানানো যাচ্ছে যে, আপনি সাক্ষাতে কিছু বলতে চান কিনা এবং সাফাই সাক্ষী উপস্থাপন করতে চান কিনা তা বর্নিত সময়ের মধ্যে জানাবেন। এ অভিযোগনামা যার উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে সে অভিযোগ বিবরণীর অনুলিপি অত্র পত্রের অপর পৃষ্ঠায় বর্ণনা করা হলো।

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-ডিজিএনএম/শা-১/১জ-০৬/২০১৬/ ১৬/৪৩১

০৪/১০ /১৪২৪।
তাং-----------------
১৭/০১ /২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত সচিব(নার্সিং ও মিডওয়াইফারি),স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিভিল সার্জন, ফেনী।
৩। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাগাজী, ফেনী।
৪। উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তা, সোনাগাজী, ফেনী।
৫। সহকারী পরিচালক(নার্সিং), বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয়, চট্রগ্রাম বিভাগ, চট্রগ্রাম।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৭। জনাব জনি কান্তি দে (পিতাঃ অরুন কান্তি দে), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাগাজী, ফেনী।
৮। জনাব জনি কান্তি দে (পিতাঃ অরুন কান্তি দে), সিনিয়র স্টাফ নার্স, সাকিনঃ ৪৫০, আলী নেওয়াজ লেইন, ডিসি রোড, দেওয়ান বাজার, পশ্চিম বাকলিয়া, পোঃ বাকলিয়া, থানাঃ চকবাজার,জেলাঃ চট্রগ্রাম।
৯। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

১৭-০১-১৮
মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)/(~~মিডওয়াইফারি~~)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

<u>অভিযোগ বিবরণী</u>

জনাব জনি কান্তি দে (পিতাঃ অরুন কান্তি দে), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাগাজী, ফেনী এর বিরুদ্ধে উক্ত প্রতিষ্ঠানের ০৩/০৮/২০১৭খ্রিঃ তারিখের সিএসএফ/প্রশা-৩/১৭/১৯৬৭ নং স্মারকে অভিযোগ প্রেরণ করেন যে, তিনি গত ২৬/০৫/২০১৭খ্রিঃ তারিখ হতে ২৭/০৫/২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। পরবর্তীতে ২৭/০৫/২০১৭খ্রিঃ তারিখ হতে ৬(ছয়) সপ্তাহের বিশ্রামের আবেদন করেন। নির্ধারিত সময় পর কর্মস্থলে যোগদান না করে পুনরায় ৪৫ দিন বিশ্রামের আবেদন করেন। তার এহেন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ তাকে অত্র অধিদপ্তরের ১০/০৯/২০১৭খ্রি তারিখের ৫১৯৯ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয়। তিনি উক্ত কৈফিয়ত তলবের জবাব অদ্যাবধি প্রেরণ করেন নাই বা কর্মস্থলে যোগদান করেন নাই। তার স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি অত্র অধিদপ্তরে ফেরৎ আসে। তার এহেন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ সালের ৩(সি) ধারা মোতাবক ডিজারশনের আওতাভুক্ত অপরাধ।

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-ডিজিএনএম/শা-১/১এ-৫৩/২০১০/ তাং---------------- /১৪২৪। /২০১৮।

## অফিস আদেশ

জনাব এলিজা (পিতাঃ মৃত মুজাফ্ফর আলী হাওলাদার), সিনিয়র স্টাফ নার্স, শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল, বরিশাল এর বিরুদ্ধে মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত-২, বরিশাল, জিআর-৪৯৯/১৭(কোতয়ালী), মামলায় তাকে জেল হাজতে প্রেরণ করায় বাংলাদেশ সার্ভিস রুলস এর বিধি-৭৩ মোতাবেক তার আদালতে আত্মসমর্পনের ০৭/০৮/২০১৭খ্রিঃ তারিখ হতে অত্র অধিদপ্তরের ১৯/১২/২০১৭খ্রিঃ তারিখের ০৬ সংখ্যক আদেশে তাকে সরকারী চাকুরী থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। মাননীয় উক্ত আদালত ২১/১২/২০১৭খ্রিঃ তারিখ তার বিরুদ্ধে মামলার দায় হতে তাকে অব্যাহতি প্রদান করায় অত্র অধিদপ্তরের ২১/১২/২০১৭খ্রিঃ তারিখের ০৬ সংখ্যক স্মারকে তার সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো। তিনি খোরপোষ ভাতা সমন্বয় পূর্বক বেতন ভাতাদি প্রাপ্য হবেন।

এ আদেশ স্থানীয় কর্তৃপক্ষের ১৩/০১/২০১৮খ্রিঃ তারিখের শেবাচিমহা/বরি/১৭/১৭৬ নং স্মারকের সুপারিশের প্রেক্ষিতে জারী করা হলো।

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-ডিজিএনএম/শা-১/১এ-৫৩/২০১০/ ২৫/১/১৮ তাং ০৫/১০ /১৪২৪। ২৮/০১ /২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। পরিচালক, শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল, বরিশাল।
২। সিনিয়র সহকারী সচিব(নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ম ন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। নিরীক্ষা ও হিসাব রক্ষন কর্মকর্তা, বিভাগীয় হিসাব রক্ষন কর্মকর্তার কার্যালয়, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, বরিশাল।
৫। সেবা তত্ত্বাবধায়ক, শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল, বরিশাল।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৭। জনাব এলিজা (পিতাঃ মৃত মুজাফ্ফর আলী হাওলাদার), সিনিয়র স্টাফ নার্স, শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল, বরিশাল
৮। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

২৮.০১.১৮

মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)/(মিডওয়াইফারি)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।